

স্মারক নং: জবি/গসওপ্র/প্রেস বিজ্ঞপ্তি/২০০৮/০২/৪৫৬

তারিখ: ১৫/০৪/২০২১

বরাবর,
সম্পাদক

দৃষ্টি আকর্ষণ : বার্তা সম্পাদক

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

জরুরি সংবাদ বিজ্ঞপ্তি

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রাথমিক আবেদনের সময় বাড়লো

২০২০-২১ শিক্ষাবর্ষে স্নাতক ১ম বর্ষে শিক্ষার্থীদের ভর্তির জন্য সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি (GST- General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কার্যক্রম চলছে। GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২০-২১)-এর আজ (১৫ এপ্রিল-২০২১, বৃহস্পতিবার, বিকাল ৩.০০টায়) Online Zoom Cloud-এ অনুষ্ঠিত ৬ষ্ঠ সভায় (জরুরি) নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

- ১) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রাথমিক আবেদনের সময় ১৬ এপ্রিল, ২০২১ থেকে সরকার ঘোষিত লকডাউন শেষ হওয়ার পরবর্তী ১০দিন পর্যন্ত চলবে।
- ২) মানবিক শাখায় জিপিএ ৬.০০ এবং বাণিজ্য শাখায় জিপিএ ৬.৫০ পয়েন্ট যাদের থাকবে তারাও নতুন করে আবেদন করতে পারবেন। তবে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ পয়েন্ট থাকতে হবে। নতুন করে আবেদনকারীরা আগামী ২১ এপ্রিল সকাল ১০.০০টা থেকে আবেদন করতে পারবেন।
- ৩) বিজ্ঞান শাখায় আবেদনের সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

যেসব শিক্ষার্থীদের ন্যূনতম যোগ্যতা থাকবে তাঁরা সকলেই প্রাথমিক আবেদন করতে পারবেন। প্রাথমিক আবেদনকারীদের মধ্য হতে মেধার ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য শিক্ষার্থীরা মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে ৬০০/- (ছয়শত) টাকা জমা দিয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য চূড়ান্ত আবেদন করতে পারবেন। চূড়ান্ত আবেদনের সময়সীমা পরবর্তীতে সময়ে জানানো হবে।

সমন্বিত ভর্তি কমিটির যুগ্ম-আহ্বায়ক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ-এর সভাপতিত্বে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যগণ সভায় অংশগ্রহণ করেন। উল্লেখ্য, শিক্ষার্থীদের সুবিধার কথা বিবেচনা করে করোনায় পরিস্থিতি ও সরকার ঘোষিত লকডাউনের কারণে উপরোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে।

প্রাথমিক আবেদনসহ GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষার বিস্তারিত তথ্যাদি www.gstadmission.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশনাক্রমে,

(মো: সাইফুল ইসলাম)

উপ-পরিচালক ও দপ্তর প্রধান

জনসংযোগ, তথ্য ও প্রকাশনা, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

মোবাইল: ০১৭১১-৯৭৯৯২৪

ই-মেইল: prip@jnu.ac.bd